# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

## কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৫৮/২০২৩-২০২৪/৪৩৭ তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ <u>২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।</u>

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক জারিকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)কৃষি/২০২৩-২০২৪/৮৭, তারিখঃ ১৭/০৭/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশে কৃষির উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জিডিপি'র প্রবৃদ্ধি অর্জন এবং বৈশ্বিক কারণে সৃষ্ট মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করণের উদ্দেশ্যে কৃষি খাতে পর্যাপ্ত ঋণ প্রবাহের গুরুত্ব বিবেচনায় নিয়ে অত্র ব্যাংক চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে **১১,০০০.০০** কোটি টাকা কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনপূর্বক কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি পল্লী অঞ্চলে গ্রামীণ অর্থায়নের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে অগ্রণী ভূমিকা পালন করবে। মাঠ কার্যালয়সমূহ কর্তৃক প্রেরিত ৩১তম সপ্তাহ পর্যন্ত সাপ্তাহিক প্রতিবেদন মোতাবেক বিভাগওয়ারী নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে কৃষি ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | লক্ষ্যমাত্রা | ৩১তম সপ্তাহ পর্যন্ত অর্জনের পরিমান | অর্জনের হার | ৩১তম সপ্তাহ পর্যন্ত অনুপাতিক লক্ষ্যমাত্রা | অর্জন(কম/বেশি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ১৫০১.০০ | ৭৯৪.৯৭ | ৫৩% | ৮৯৪.৮৩ | -৯৯.৮৬ |
| ২ | ময়মনসিংহ | ১০৯৯.০০ | ৬০৫.৫৯ | ৫৫% | ৬৫৫.১৭ | -৪৯.৫৮ |
| ৩ | চট্টগ্রাম | ১০৯৪.০০ | ৪৯৫.০৩ | ৪৫% | ৬৫২.১৯ | -১৫৭.১৬ |
| ৪ | খুলনা | ১৬৫৯.০০ | ৬৯০.৩৬ | ৪২% | ৯৮৯.০২ | -২৯৮.৬৬ |
| ৫ | বরিশাল | ১২৯৬.০০ | ৬৩১.৩৫ | ৪৯% | ৭৭২.৬২ | -১৪১.২৭ |
| ৬ | সিলেট | ৭১২.০০ | ৩৮৫.৩৫ | ৫৪% | ৪২৪.৪৬ | -৩৯.১১ |
| ৭ | কুমিল্লা | ১০৯০.০০ | ৫০৭.৭৮ | ৪৭% | ৬৪৯.৮১ | -১৪২.০৩ |
| ৮ | ফরিদপুর | ১১৪০.০০ | ৪৮২.০৫ | ৪২% | ৬৭৯.৬২ | -১৯৭.৫৭ |
| ৯ | কুষ্টিয়া | ১২৮৯.০০ | ৫৯১.৫৭ | ৪৬% | ৭৬৮.৪৪ | -১৭৬.৮৭ |
| ১০ | এলপিও | ১২০.০০ | ১২০.৬১ | ১০১% | ৭১.৫৪ | ৪৯.০৭ |
| মোট | | ১১০০০.০০ | ৫৩০৪.৬৬ | ৪৮% | ৬৫৫৭.৬৯ | -১২৫৩.০৩ |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের নির্ধারিত ১১০০০.০০ কোটি টাকা কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১তম সপ্তাহ পর্যন্ত অর্জন হয়েছে ৫৩০৪.৬৬ কোটি টাকা, যা মোট লক্ষ্যমাত্রার ৪৮%। প্রকৃতপক্ষে, ৩১তম সপ্তাহ পর্যন্ত কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা ছিল ৬৫৫৭.৬৯ কোটি টাকা, যা মোট লক্ষ্যমাত্রার ৬০%। ইতোমধ্যে ৩১তম সপ্তাহ অতিক্রান্ত হলেও সংশ্লিষ্ট খাতে কোন বিভাগে কৃষি ঋণ বিতরণের কাঙ্ক্ষিত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

০৩। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরে কৃষি ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক এবং অঞ্চল প্রধানগণকে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ মাঠ কার্যালয়কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

27/02/2024

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

চলমান পাতা-০২

বিষয় ঃ <u>২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।</u>

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৫৮/২০২৩-২০২৪/৪৩৭ তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (***উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***)
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। নথি/মহানথি।

২৭/০২/২০২৪
(মোহাম্মদ শরিফুল ইসলাম)
<u>সহকারী মহাব্যবস্থাপক</u>